Città di Legnano

RELÈ

stripes cooperativa sociale onlus

# বহুভাষিক অভিযোজন সরঞ্জাম

## হাই স্কুল কোর্স বোঝার জন্য গাইড

ial LOMBARDIA

**IAL LEGNANO**
Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
**Sportello Orientamento Tel. 0331 428011**

Città di Legnano

RELÈ

stripes cooperativa sociale onlus

বাংলা

ভোকেশনাল ট্রেনিং সেন্টার শিক্ষার্থীদের প্রযুক্তিগত এবং পরীক্ষাগার অভিজ্ঞতার উপর ভিত্তি করে অধ্যয়নের কোর্স প্রদান করে। বৃতিমূলক প্রশিক্ষন কোর্সগুলি মূলত কাজের সাথে সম্পর্কিত প্রযুক্তিগত বিষয়গুলি অধ্যয়ন করে। এই কোর্সগুলির মধ্যে রয়েছে ল্যাবরেটরিতে অনেক ঘন্টার ব্যবহারিক কার্যক্রম এবং কর্মক্ষেত্রে ইন্টার্নিশিপ/ প্রশিক্ষণ। পেশাগত প্রশিক্ষণ একজন শিক্ষার্থীকে কাজের জগেত প্রবেশ করার জন্য দক্ষতা এবং জ্ঞান অর্জনে সাহায্য করে। যে শিক্ষার্থী এই ধরণের স্কুল বেছে নেয় তাকে অবশ্যই কাজের জগতের প্রতি এবং নির্বাচিত বিষয়ের প্রতি আগ্রহী এবং উৎসাহী হেত হেব।

**শ্রেণীকক্ষে অধ্যয়ন কর্যক্রম**

বৃতিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে মৌলিক বিষয়গুলি ( গণিত, ইতালিয়ান, ইংরেজি…) যথেষ্ট প্রাক্টিক্যাল উপায়ে দেয়া হয়। সমস্ত শিক্ষার্থীদেরকে একটি করে ট্যাবলেট কম্পিউটার দেয়া হয়।

ইতালীয় এবং যোগাযোগ,
ইংরেজি, ইতিহাস, গণিত এবং বিজ্ঞান,
তথ্য প্রযুক্তি, ওরিয়েন্টেশন,
শারীরিক এবং মোটর কার্যকলাপ, নৈতিকতা,
খাদ্য বিজ্ঞান.

**ইন্টার্নশিপ কার্যক্রম**

ইন্টার্নশিপ হল প্রশিক্ষন কোর্সের একটি অবিচ্ছেদ্য অংশ যা একটি কোম্পানিতে পরিচালিত হয়ে থাকে, এবং তা হয়ে থাকে কাজ শেখার বাস্তব অভিজ্ঞতা হিসেবে।

| | |
|---|---|
| প্রথম বছর | 990 ঘন্টা যার মধ্যে 380টি প্রযুক্তিগত-পেশাদার পরীক্ষাগার |
| দ্বিতীয় বছর | 990 ঘন্টা যার মধ্যে 218টি প্রযুক্তিগত-পেশাদার পরীক্ষাগার এবং 425টি কোম্পানিতে ইন্টার্নশিপ |
| তৃতীয় বছর | 990 ঘন্টা যার মধ্যে 145টি প্রযুক্তিগত-পেশাদার পরীক্ষাগার এবং 495টি কোম্পানিতে ইন্টার্নশিপ |
| চতুর্থ বছর | 1015 ঘন্টা যার মধ্যে 180টি প্রযুক্তিগত-পেশাদার পরীক্ষাগার এবং 486টি কোম্পানিতে ইন্টার্নশিপ |

ial LOMBARDIA

IAL LEGNANO
Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
Sportello Orientamento Tel. 0331 428011

Città di Legnano

RELÈ

stripes cooperativa sociale onlus

বাংলা

# RISTORAZIONE CUCINA



কোর্স শেষে একজন শিক্ষার্থীর দক্ষতা এবং অভিজ্ঞতা থাকবে।

- যে কোনও ধরণের রন্ধনসম্পর্কীয় প্রস্তুতি তৈরি করতে ;
- সমগ্র ক্যাটারিং উৎপাদন প্রক্রিয়া এবং এই সম্পর্কীয় সেক্টরে কার্যকর বিধান সম্পর্কিত দক্ষতা।

**পেশাগত সুযোগ**

সহকারী বাবুর্চি ক্যাটারিং সেক্টরে ( রেস্টুরেন্ট, ক্যান্টিন,সেলফ-সার্ভিস ) এবং বড় আকারের বিতণন পরিষেবা (খাদ্য বিভাগ) এই ধরণের সমস্ত কোম্পানিতে কাজ করতে পারে।

**কারিগরি- পেশাগত বিষয়**

- খাদ্য বিজ্ঞান।
- স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা।
- পেশাদার পরীক্ষাগার ( রান্না,তাজা পাস্তা,মিস্টান্ন, মাংসের দোকান )

**৩ বছর অধ্যয়ন**

**৩ বছর** → পেশাগত যোগ্যতা।

**৪ বছর** → টেকনিক্যাল ডিপ্লোমা।

ial LOMBARDIA

**IAL LEGNANO**

Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
**Sportello Orientamento Tel. 0331 428011**

Città di Legnano

বাংলা

# RISTORAZIONE SALA BAR



কোর্স শেষে একজন শিক্ষার্থীর দক্ষতা এবং অভিজ্ঞতা থাকবে।

- এককভাবে এবং/অথবা অন্যদের সাথে এবং সহযোগিতায় , খাদ্য ও পানীয়ের প্রশাসন এবং বিক্রয় পরিচালনা করা;
- বিভিন্ন ধরনের রুম সার্ভিস ( রেস্তোরা থেকে গ্রান্ড হোটেল পর্যন্ত ) বারের প্রধান প্রস্তুতি সম্পুর্ন করার ক্ষেত্রে ।

**পেশাগত সুযোগ**

একজন ডিগ্রী ধারী শিক্ষার্থী ক্যাটারিং কোম্পানি, ঐতিহ্যবাহী রেস্তোরা, গুরমেট রেস্তোরা, ভোজ রেস্তোরা হোটেল রেস্তোরা এবং গ্রান্ড হোটেল ইত্যাদি এবং পাবলিক একক প্রতিষ্ঠানে (বার,পাব,ওয়াইন বার ) কাজ করতে পারে।

**কারিগরি- পেশাগত বিষয়**

- খাদ্য বিজ্ঞান।
- স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা।
- পেশাদার পরীক্ষাগার (বার রুম,রান্নাঘর কার্ভিং এবং পেস্ট্রির দোকান )

**৩ বছর অধ্যয়ন**

**৩ বছর** → পেশাগত যোগ্যতা।

**৪ বছর** → টেকনিক্যাল ডিপ্লোমা।

IAL LEGNANO
Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
**Sportello Orientamento Tel. 0331 428011**

Città di Legnano

বাংলা

# RISTORAZIONE PANIFICAZIONE E PASTICCERIA



কোর্স শেষে একজন শিক্ষার্থীর দক্ষতা এবং অভিজ্ঞতা থাকবে।

- উপযুক্ত কৌশল ব্যবহারের মাধ্যমে যেকোন ধরনের বেকারি এবং পেস্ট্রি পণ্য তৈরি করা ;
- এবং বলবত স্বাস্থ্য ও নিরাপত্তা বিধানের জ্ঞান।

**পেশাগত সুযোগ**

প্রশিক্ষণ কোর্স শেষে, ডিগ্রীধারী শিক্ষার্থীরা বেকারি ও পেস্ট্রি সেক্টরে কারিগরি এবং শিল্প কোম্পানিতে এবং বৃহৎ আকারে বিতরণ বিভাগে চাকরি পেতে সক্ষম হবে।

**কারিগরি- পেশাগত বিষয়**

- খাদ্য বিজ্ঞান।
- স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা।
- পেশাদার পরীক্ষাগার (প্যানারিয়া,পেস্ট্রি, কার্ভিং বার রুম, খাদ্য বিভাগ এবং প্যাকেজিং )

**৩ বছর অধ্যয়ন**

**৩ বছর** → পেশাগত যোগ্যতা।

**৪ বছর** → টেকনিক্যাল ডিপ্লোমা।

**IAL LEGNANO**
Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
**Sportello Orientamento Tel. 0331 428011**

Città di Legnano

RELÈ

stripes cooperativa sociale onlus

বাংলা

# PASTICCERE PERSONALIZZATI



প্রতিবন্ধী ছাত্র এবং ছাত্রীদের জন্য ব্যক্তিগতকৃত পথ

## পেস্ট্রি এবং বেকারি

এই কোর্সটি ওইসব শিক্ষার্থীদের লক্ষ্য করে তৈরি করা যারা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (মিডল স্কুলের তৃতীয় বর্ষ) শেষ করেছে, তাদের কাছে ডকুমেন্টেশন রয়েছে যা তার প্রতিবন্ধী অথবা বিশেষ চাহিদা পরিস্থিতি নিশ্চিত করে। প্রকৃত সামাজিক এবং কাজের একীকরণকে উন্নীত করার জন্য সমগ্র কর্মীরা প্রতিটি পৃথক শিক্ষার্থীর স্বাবলম্বিতা এবং ক্ষমতাকে শক্তিশালী এবং বিকাশ করতে প্রতিশ্রুতিবদ্ধ। কোর্সের শেষে, শিক্ষার্থী তার অর্জিত দক্ষতা এবং দক্ষতার সাথে সম্পর্কিত যে কোনও ধরণের রন্ধনসম্পর্কীয় প্রস্তুতি তৈরি করতে সক্ষম হবে।

**শিক্ষাগত প্রোগ্রামিং**

এই ক্ষেত্রে শিক্ষার্থী, পরিবার এবং স্থানীয় সামাজিক পরিষেবাগুলির সাথে ভাগ করা একটি জীবন প্রকল্পের সাথে যুক্ত শিক্ষামূলক উদ্দেশ্যগুলির সাথে ব্যক্তিগতভাবে করা প্রোগ্রামিং অন্তর্ভুক্ত রয়েছে। প্রশিক্ষণের জন্য ছোট ছোট গ্রুপ করা হয়। ক্লাস গ্রুপগুলি প্রথম এবং দিত্বীয় বর্ষে সর্বাধিক ১৪ জন এবং তৃতীয় বর্ষে ১৬ জন ছাত্র নিয়ে গঠিত। এই শিক্ষা পদ্ধতি শিক্ষাগত সাফল্য এবং প্রাসঙ্গিক পেশাদার প্রোফাইলের যোগ্যতা অর্জনকে সহজ করে তোলে।

কোর্সটির সময়কাল তিন বছর স্থায়ী।

লক্ষ্যগুলি PEI এর মাধ্যমে ব্যক্তিগতকৃত এবং স্বতন্ত্রভাবে তৈরি করা হয় (ব্যক্তিগত শিক্ষামূলক পরিকল্পনা হচ্ছে: এটি এমন নথি যা লক্ষ্য এবং কার্যক্রমগুলি নির্ধারণ করে স্কুল বছরের মধ্যে পরিচালিত হবে)

**চাকুরীর সুযোগ**

বেকারি/পেস্ট্রি শেফ বা কারিগররা, প্রাসঙ্গিক সেক্টরের কারিগর এবং শিল্প কোম্পানিগুলিতে এবং বড় আকারের বিতরণে (খাদ্য বিভাগ, বেকারি এবং পেস্ট্রি শপ) চাকরি খুঁজে পায়। একবার তিন বছরের যোগ্যতা প্রাপ্ত হয়ে গেলে, একটি অতিরিক্ত বছর (৩য় বর্ষের শেষে) অ্যাক্সেস করা সম্ভব হয় যার লক্ষ্য একক শিক্ষার্থীর বৈশিষ্ট্যের জন্য উপযুক্ত সন্নিবেশের একটি সামাজিক এবং পেশাগত প্রেক্ষাপট সনাক্ত করা।

ial LOMBARDIA

**IAL LEGNANO**
Via Renato Cuttica, 1 - 20025 LEGNANO (MI)
sede.legnano@ialombardia.it
www.ialombardia.it - ialombardia.it/sedi/legnano/
**Sportello Orientamento Tel. 0331 428011**